

তারিখ 0.3 MAY 1947
নং... 5... 7...

১১ মে বৈশাখ, ১৩২৪

13

জাতীয় শিক্ষা কমিশন প্রসঙ্গে

বর্তমান সরকার দেশ ও জাতির কল্যাণের জন্য ২৯ সদস্য বিশিষ্ট জাতীয় শিক্ষা কমিশন গঠন করেছেন। এটা খুবই আনন্দের কথা। কিন্তু অতীত দুঃখের বিষয় যে, উক্ত কমিশনে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড, কারিগরি বোর্ড-এর প্রতিনিধি নেয়া হলেও চির অবহেলিত মাদ্রাসার কোন প্রতিনিধি নেয়া হয়নি।

উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি যে, এবতেদায়ী, দাখেল, আলেম, ফাজেল ও কামেল মাদ্রাসার

একজন করে প্রতিনিধি, বাংলাদেশ মাদ্রাসা বোর্ডের একজন প্রতিনিধি, কওমী মাদ্রাসার দুইজন প্রতিনিধি ও তিনজন ইসলামী চিন্তাবিদ সমন্বয়ে জাতীয় শিক্ষা কমিশন গঠন করা হোক। আর এভাবে গঠন করলেই জাতীয় শিক্ষা কমিশন সার্থক হতে পারে।

—মোঃ মুনিবর রহমান খসরু
সভাপতি
হাজারীবাগ ইসলামী পাঠাগার
ও সমাজকল্যাণ পরিষদ
৯৫, হাজারীবাগ রোড,
ঢাকা-৯